...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৫ সেপ্টেম্বর ২০২০ খ্রি:
সভার সময়	রাত: ০৮.০০ টায়
স্থান	অনলাইনে zoom apps এর মাধ্যমে
উপস্থিতি	"ক"

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২৩ আগস্ট ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর স্কিম পরিচালক সভায় জানান, ২০১৯ সালে অগ্রণী ব্যাংকের সাথে SEDP এর একটি চুক্তি হয়। চুক্তি অনুযায়ী, HSP প্রকল্পের সকল অর্থ অগ্রণী ব্যাংকের মাধ্যমে ছাড়করণ করতে হবে। কিন্তু পরবর্তীতে Scheme document-এ স্কিমের অর্থ ছাড়করার জন্য G2P পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু, অগ্রণী ব্যাংকের সাথে চুক্তিটি এ পর্যন্ত বাতিল করা হয়নি। এ বিষয়ে স্কিম পরিচালক কর্তৃক স্বাক্ষরিত একটি পত্রে অগ্রণী ব্যাংকের মতামত চাইলে অগ্রণী ব্যাংক জানায়, G2P প্রক্রিয়ায় অর্থ ছাড় করলে তাদের কোন আপত্তি থাকবে না।	SEDP PCU এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে সভা আহবান পূর্বক অগ্রণী ব্যাংকের সাথে চুক্তি বাতিল করতে হবে। HSP রেজিস্ট্রেশন সফটওয়ার অনলাইন ব্যাংকসহ সকল আর্থিক প্রতিষ্ঠানের একাউন্ট নিবন্ধনের জন্য উন্মুক্ত করে দেয়া হবে।	স্কিম পরিচালক (HSP)

২.	সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, উপবৃত্তির জন্য অনলাইনে স্নাতক (পাস) বা সমমান পর্যায়ের শিক্ষার্থীদের আবেদন গ্রহণের সময়সীমা ১৬ সেপ্টেম্বর ২০২০ তারিখ রাত ১২.০০ টায় শেষ হয়ে যাবে। ইতোমধ্যে বিভিন্ন কলেজের অধ্যক্ষগণ সময় বৃদ্ধির জন্য অনুরোধ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	উপবৃত্তির আবেদন অনলাইনে গ্রহণের সময়সীমা বৃদ্ধি করা হবে না।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৩.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের “ব্যবস্থাপনা পরিচালকের স্বেচ্ছাধীন তহবিল” পরিচালনার নীতিমালার খসড়া প্রণয়নের কাজের অগ্রগতি সম্পর্কে সভায় আলোচনা হয়। ট্রাস্টের উপ-পরিচালক সভায় জানান, খসড়া নীতিমালা প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। একটি সভা আহবানের মাধ্যমে খসড়া নীতিমালাটি চূড়ান্ত করা যেতে পারে।	আগামী সপ্তাহে ট্রাস্টের কর্মকর্তাদের সমন্বয়ে একটি সভা আহবানের মাধ্যমে চূড়ান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করতে হবে। উক্ত সভায় সদস্য হিসেবে শিক্ষা মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয়ের একজন করে প্রতিনিধি অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৪.	দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা এবং দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, ২০১৯-২০ অর্থ বছরে ২য় পর্যায়ের আর্থিক সহায়তার জন্য ৯০০ আবেদন এন্ট্রির কাজ শেষ হওয়ার পরও আরও প্রায় ২০০ আবেদনপত্র জমা পড়েছে। এ আবেদনগুলো ইতোমধ্যে এন্ট্রিকৃত ৯০০ আবেদনপত্রের সাথে যুক্ত করা হবে কিনা সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সর্বমোট ১১০০ আবেদনপত্র যাচাই বাছাই করে আগামী সপ্তাহের মধ্যে শেষ করতে হবে এবং দ্রুততম সময়ের মধ্যে সভা আহবান করতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৫.	সভায় ই-নথি কার্যক্রমে ট্রাস্টের অবস্থান নিয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।	ক) ই-নথিতে কাজের পরিমাণ বৃদ্ধি করতে হবে। খ) ইন্টারনেটের গতি বৃদ্ধি করার উদ্যোগ নিতে হবে।	প্রোগ্রামার

৬.	HSP (সমন্বিত উপবৃত্তি কর্মসূচি) এ আউট সোর্সিং নিয়োগসহ যেসব অসংগতি রয়েছে সেগুলো চিহ্নিত করার বিষয়ে আলোচনা হয়।	প্রয়োজনে দুই সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করার মাধ্যমে HSP এর আউট সোর্সিং নিয়োগসহ বিভিন্ন কার্যক্রমে যেসব অগংগতি রয়েছে তা চিহ্নিত করে সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।	স্কিম পরিচালক (HSP)
৭.	ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর অফিসে নিয়মিত উপস্থিতির বিষয়ে আলোচনা হয়।	স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন। দুপুরের খাবারের বিরতির সময় বা অন্য যেকোন সময়ে সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারী সকল

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১২২

তারিখ: ৫ আশ্বিন ১৪২৭
২০ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) উপ-পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)

৫) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) সহকারী পরিচালক, (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
১০) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) গবেষণা কর্মকর্তা, (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
১২) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) হিসাবরক্ষণ কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
১৫) ডকুমেন্টেশন অফিসার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP)
১৬) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২০) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২১) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২২) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক